বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নম্বর ১৪

১৫ চৈত্র ১৪২৭
তারিখ: ----------------
২৯ মার্চ ২০২১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্রের সাথে পরিবহন ডকুমেন্ট দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৯ মার্চ ২০২০ তারিখের এফই সার্কুলার নম্বর ১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে অবহিত করা যাচ্ছে যে, বস্ত্রখাতের ন্যায় রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার বিদ্যমান অন্যান্য খাতসমূহে এ সংক্রান্ত আবেদনের সাথে বিল অব লেডিং/এয়ার ওয়েবিল কিংবা স্থল/রেলপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে ট্রাক/রেলওয়ে রিসিপ্টের পাশাপাশি ক্ষেত্রমতে রপ্তানি বাণিজ্যে অনুসৃত ব্যবস্থায় ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের ইস্যুকৃত ডকুমেন্ট (এফসিআর/হাউজ বিএল/হাউজ এয়ার ওয়েবিল) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রহণযোগ্য হবে:

ক) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রে উল্লিখিত শর্তানুযায়ী ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের ইস্যুকৃত ডকুমেন্ট গ্রহণযোগ্য হতে হবে;

খ) ডকুমেন্ট ইস্যুকারী ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্সিং কর্তৃপক্ষের ইস্যুকৃত লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;

গ) দাখিলকৃত ডকুমেন্টে ইএক্সপি ফরমের নম্বরসহ পণ্য জাহাজীকরণ সম্পর্কিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে;

ঘ) আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে সংশ্লিষ্ট ব্যাংককে স্থানীয়ভাবে/আন্তর্জাতিকভাবে স্বীকৃত ট্র্যাকিং পদ্ধতিতে সংশ্লিষ্ট পণ্য জাহাজীকরণের বিষয়ে নিশ্চিত হতে হবে এবং উক্ত তথ্যের প্রিন্ট-আউট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

ঙ) রপ্তানি আদেশ প্রদানকারী থেকে বা রপ্তানি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এরূপ উৎস থেকে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানিমূল্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হতে হবে।

০৩। সার্কুলারটি ১ জুলাই ২০২০ তারিখ থেকে কার্যকর হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০১২৩